

## শ্রীমঙ্গলে টিলা ধসে ৪ চা শ্রমিকের মৃত্যু

পুলিশ বলছে, ঘর লেপার মাটি আনতে তারা সেখানে গিয়েছিলেন।



মাটি সংগ্রহ করতে উড়িয়া টিলায় ওঠেন চা শ্রমিকরা।

মৌলভীবাজার প্রতিনিধি . বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

Published : 19 August 2022, 09:26 AM

Updated : 19 August 2022, 09:26 AM

মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলার লাখাইছড়া চা বাগানে টিলা ধসে চার চা শ্রমিকের প্রাণ গেছে।

জীবনমানের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ মজুরির দাবিতে চা শ্রমিকদের কর্মবিরতির মধ্যেই মঙ্গলবার দুপুরে এ ঘটনা ঘটলো।



মৃত শ্রমিকদের স্বজনরা।

মৃতদের নাম-পরিচয় তাৎক্ষণিকভাবে জানা যায়নি। তবে মৃতরা সবাই চা বাগানের শ্রমিক বলে জানিয়েছে পুলিশ।

শ্রীমঙ্গল থানার ওসি হুমায়ূন কবীর বলেন, " ঘর লেপার মাটি আনার জন্য বেলা ১২টার দিকে একদল চা শ্রমিক ওই বাগানের উড়িম্যা টিলায় যান। তারা মাটি তোলার জন্য পাহাড়ের খোড়লে প্রবেশ করেন। এ সময় ধস নামলে চারজন চাপা পড়েন।



মাটিচাপা পড়া শ্রমিকদের উদ্ধারে যায় ফায়ার সার্ভিস।

“পরে অন্য শ্রমিকরা তাদের উদ্ধার করে শ্রীমঙ্গল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাদের মৃত ঘোষণা করেন।”

- ভরা মৌসুমে শ্রমিক ধর্মঘটে শঙ্কায় চা বাগান

সিলেট বিভাগ

মৌলভীবাজার জেলা

---

**bdnews24.com**

---

Copyright© 2022, bdnews24